

~~194~~
25

দৈনিক ইত্তেফাক

তারিখ... 21 OCT 1990

পৃষ্ঠা... ২... কলাম... ৩

আজ বিশ্ববিদ্যালয়

শিক্ষকদের

প্রতিবাদ মিছিল

(ইত্তেফাক রিপোর্ট)

শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত নয়া
অডিন্যান্স বাতিল এবং অবিলম্বে
ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়া দেও-
য়ার দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়
(৭ম পৃ: ৫:)

শিক্ষকদের প্রতিবাদ মিছিল

(১ম পৃ: পর)

শিক্ষক সমিতি আজ (রবিবার)
সকাল ১০টায় অপরাহ্নেয় বাংলার
পাদদেশ হইতে প্রতিবাদ মিছিল
বাহির করিবে।

একই দাবীতে সর্বদলীয় ছাত্র
ঐক্য গতকাল (শনিবার) বেলা
১১টায় ডাকসু ভবনের সম্মুখে ছাত্র
সভার আয়োজন করে। সভায় রাজ-
শাহীতে পুলিশের হেফাজতে ছাত্র
নেতা জাহিদুল ইসলাম উকিলের
মৃত্যুর ঘটনায় দেশী ব্যক্তিদের
শান্তি দাবী করা হয়। ছাত্র মৈত্রীর
কেন্দ্রীয় নেতা সিরাজুম মুনির
সভায় বক্তৃতা করেন।

সর্বদলীয় ছাত্র ঐক্য ঢাকা
বিশ্ববিদ্যালয় শাখা গতকাল পৃথক
সভায় বিশ্ববিদ্যালয় খুলিয়া দিবার
দাবী করিয়াছে। সভায় আটক
ছাত্রনেতা বঙ্গলুর রশিদ ফিরোজ,
বেলাল ও সুপার মুক্তিদাবী করা
হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আজ
(রবিবার) ভিসির নিকট স্মারকলিপি
পেশ করা হইবে।

জাহাজীরনগর বিশ্ববিদ্যালয়

শিক্ষক সমিতি

গতকাল জাহাজীরনগর বিশ্ব-
বিদ্যালয় শিক্ষক সমিতির এক
জরুরী সভায় অবিলম্বে বিশ্ববিদ্যা-
লয় খুলিয়া দেওয়ার দাবী জানানো
হয়। সমিতির সভাপতি প্রফেসর
মেসবাহ-উল সালেহীনের সভা-
পতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা
হয়, এই অধ্যাদেশ বিশ্ববিদ্যালয়
অধ্যাদেশ '৭৩-এর পরিপন্থী এবং
ইহার মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলা-
দেশের শাসনতন্ত্রে বর্ণিত মৌলিক
অধিকার সম্পূর্ণ লঙ্ঘন করা হই-
য়াছে। সভার প্রস্তাবে সরকার
বিরোধী আন্দোলনের প্রতি একা-
ঙ্কতা প্রকাশ করা হয়। সভা শেষে
ক্যাম্পাসে শিক্ষক সমিতির উদ্যোগে
একটি মৌন প্রতিবাদ মিছিল বাহির
করা হয়।

বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার
দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য জাহা-
জীরনগর বিশ্ববিদ্যালয় শাখা গত-
কাল ভিসি প্রফেসর কাজী সালেহ
আহমদের সহিত এক বৈঠকে
মিলিত হয়। একই দাবীতে সর্ব-
দলীয় ছাত্রঐক্য জাহাজীরনগর বিশ্ব-
বিদ্যালয় শাখা আজ (রবিবার)
বিকাল ৪টায় ঢাকায় টিএসসি সড়ক
দীপে ছাত্রগণ্ডা আহ্বান করিয়াছে।